

নম্বর: ৫৩.০৯.০০০০.৮০৮.২৩.০০২.২১.১১৫২৪

তারিখ: ডিসেম্বর ১২, ২০২১

সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ, বেসিক ব্যাংক লিমিটেড।

বিষয়: মহান বিজয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষ্যে বেসিক ব্যাংক লিমিটেড কর্তৃক গৃহীত কর্মসূচী প্রসঙ্গে।

মহান বিজয় দিবস আমাদের জাতীয় জীবনে গুরুত্বপূর্ণ একটি দিবস। আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ বিজয় দিবসে রাষ্ট্রীয় পর্যায়ে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও জৌকজমকপূর্ণভাবে আয়োজন করা হবে। সেই ধারাবাহিকতায় ‘মহান বিজয় দিবস ২০২১’ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে বেসিক ব্যাংক লিমিটেড কর্তৃক নিম্নে উল্লিখিত কর্মসূচী গৃহীত হয়েছে:

ক্রম	গৃহীত কর্মসূচীর বিবরণ	কর্মসূচী বাস্তবায়নের স্থান/মাধ্যম
১	সাভারে জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ	জাতীয় স্মৃতিসৌধ, সাভার
২	‘ভাতাপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ঋণ কর্মসূচী’ নামে নতুন একটি পণ্য চালুকরণ	ভার্চুয়াল
৩	ব্যাংকের সকল শাখায় যথাযথ মর্যাদার সহিত সূর্যোদয়ের সাথে সাথে জাতীয় পতাকা উত্তোলন (শাখায় সহজে দৃশ্যমান হয় এমন উঁচু স্থানে বৃহদাকার পতাকা উত্তোলন)	সকল শাখা
৪	ব্যাংকের পরিচালনা পর্ষদের সকল সদস্য, প্রধান কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ এবং বিভিন্ন সংগঠনের উপস্থিতিতে ‘বাংলাদেশের স্বাধীনতা ও বিজয় দিবস’ শীর্ষক আলোচনা সভা	ভার্চুয়াল
৫	ব্যাংকের এলইডি ডিসপ্লে বোর্ডে বিশেষবার্তা প্রদর্শন	প্রধান কার্যালয়
৬	জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় প্রশাসনের সাথে সম্পৃক্ত হয়ে বিজয় দিবসের কর্মসূচীতে অংশগ্রহণ	সকল শাখা
৭	ব্যাংকের ধানমন্ডি শাখায় আলোকসজ্জার ব্যবস্থা	ধানমন্ডি শাখা

বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর কারণে নির্দিষ্ট শারীরিক দূরত্ব নিশ্চিতপূর্বক যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে গৃহীত সকল কর্মসূচীর সফল বাস্তবায়ন করতে ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দকে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

-স্বা-

সাদিয়া আখতার শাহীন  
সহকারী মহাব্যবস্থাপক  
ব্রান্ডিং এন্ড কর্পোরেট কমিউনিকেশন ডিভিশন

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। একান্ত সচিব, চেয়ারম্যান, পরিচালনা পর্ষদ, বেসিক ব্যাংক লিমিটেড।
- ২। একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, বেসিক ব্যাংক লিমিটেড।
- ৩। একান্ত সচিব, সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড।
- ৪। সকল মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড।
- ৫। কোম্পানী সচিব, বেসিক ব্যাংক লিমিটেড (পরিচালনা পর্ষদের সকল সদস্যকে অবহিত করার অনুরোধসহ)।
- ৬। সকল বিভাগীয় প্রধান, বেসিক ব্যাংক লিমিটেড (অংশগ্রহণ এবং বিভাগের সকলকে অবহিত করার অনুরোধসহ)।
- ৭। উপ মহাব্যবস্থাপক, সাধারণ সেবা বিভাগ, বেসিক ব্যাংক লিমিটেড (প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

পৃষ্ঠা ২ দৃষ্টব্য

“শুদ্ধাচার ও শিষ্টাচার, সভ্য জাতির অহংকার”

Sena Kalyan Bhaban (6th Floor), 195 Motijheel C/A, Dhaka-1000, Phone: 02-223359185-186, 9564830, 9568190, 9564829

SWIFT: BKSIBDDH, E-mail: basicho@basicbanklimited.com, Website : www.basicbanklimited.com

বিষয়: মহান বিজয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষে বেসিক ব্যাংক লিমিটেড কর্তৃক গৃহীত কর্মসূচী প্রসঙ্গে।

- ৮। উপ মহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বেসিক ব্যাংক লিমিটেড (সকল কারিগরী সহায়তা প্রদানের অনুরোধসহ)।
- ৯। অধ্যক্ষ, বেসিক ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট (অংশগ্রহণ, ইনস্টিটিউটের জুম একাউন্ট ব্যবহারের সুযোগ প্রদান এবং অধীনস্থ সকলকে অবহিত করার অনুরোধসহ)।
- ১০। ড.এম.এম মুস্তাফিজ মুনির, সহকারী মহাব্যবস্থাপক, বেসিক ব্যাংক লিমিটেড (সঞ্চালনার অনুরোধসহ)।
- ১১। সভাপতি, বঙ্গবন্ধু পরিষদ, বেসিক ব্যাংক লিমিটেড (অংশগ্রহণের অনুরোধসহ)।
- ১২। সভাপতি, বঙ্গমাতা পরিষদ, বেসিক ব্যাংক লিমিটেড (অংশগ্রহণের অনুরোধসহ)।
- ১৩। সভাপতি, স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ, বেসিক ব্যাংক লিমিটেড (অংশগ্রহণের অনুরোধসহ)।
- ১৪। সভাপতি, বেসিক ব্যাংক কর্মচারী ইউনিয়ন, রেজিঃ নং-বি-২১৬৭, বেসিক ব্যাংক লিমিটেড (অংশগ্রহণের অনুরোধসহ)।
- ১৫। সভাপতি, বেসিক ব্যাংক কর্মচারী এসোসিয়েশন, রেজিঃ নং-বি-২১৭৮, বেসিক ব্যাংক লিমিটেড (অংশগ্রহণের অনুরোধসহ)।

*Sachin*  
১২/০২/২০২১  
সহকারী মহাব্যবস্থাপক

“শুদ্ধাচার ও শিষ্টাচার, সভ্য জাতির অহংকার”

Sena Kalyan Bhaban (6th Floor), 195 Motijheel C/A, Dhaka-1000, Phone: 02-223359185-186, 9564830, 9568190, 9564829

SWIFT: BKSIBDDH, E-mail: basicho@basicbanklimited.com, Website : www.basicbanklimited.com